দৈনিক ইত্তেফাক

তারিখ 01 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# আইকিউএসিতে উচ্চ শিক্ষা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

আশা ইউনিভার্সিটি বাংলাদেশের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স সেল (আইকিউএসি) গতকাল মঙ্গলবার কোয়ালিটি এসিউরেন্স ইন হাইয়ার এডুকেশন শীর্ষক এক কর্মশালার আয়োজন করে। আশা কনফারেন্স রুমে অনুষ্ঠিত কর্মশালাটি আশাইউবিতে পরিচালিত চলমান শিক্ষার মান নিশ্চিতকরণ কার্যক্রমের অংশ হিসেবে আয়োজন করা হয়। বিশ্ব ব্যাংকের অর্থায়নে পরিচালিত বাংলাদেশ সরকারের হাইয়ার এডুকেশন কোয়ালিটি এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (হেকেপ) এর আওতায় আশা ইউনিভার্সিটি বাংলাদেশের আইকিউএসি কার্যক্রম পরিচালিত হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ডালেম চন্দ্র বর্মণের সভাপতিতে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বোর্ড অব ট্রাস্টিজ-এর চেয়ারম্যান মোঃ সফিকুল হক চৌধুরী। এছাড়া বিভিন্ন অনুষদের ডীনবৃন্দ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, শিক্ষকবৃন্দ এবং কর্মকর্তারা কর্মশালায় অংশগ্রহণ নেন।-প্রেস বিজ্ঞপ্তি